গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০২০.২০-১০৩ তারিখঃ ১৬/০৮/২০২০ খ্রিঃ

# পরিপত্র

**বিষয়ঃ সফটওয়্যার এবং তথ্যপ্রযুক্তি সেবা ক্রয়ের ক্ষেত্রে অনুসরণীয় ক্রয় পদ্ধতি।**

উপর্যুক্ত বিষয়ে ক্রয়কারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে **সফটওয়্যার এবং তথ্যপ্রযুক্তি সেবা ক্রয়ের ক্ষেত্রে** বিভিন্ন ক্রয়কারী বিভিন্ন ক্রয়পদ্ধতি অনুসরণ করছে। এর ফলে একদিকে সফটওয়্যার সরবরাহকারী এবং তথ্য প্রযুক্তি সেবা প্রদানকারী প্রতিষ্ঠান সমস্যার সম্মুখীন হচ্ছে, অন্যদিকে ক্রয়কারীগণও মানসম্মত সফটওয়্যার এবং তথ্য প্রযুক্তি সেবা থেকে বঞ্চিত হচ্ছে। এ বিষয়ে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (পিপিএ, ২০০৬) ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর, ২০০৮) এর বিধানসমূহ স্পষ্ট করা হলোঃ

০২। পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (পিপিএ, ২০০৬) ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর, ২০০৮) এর নির্দেশনা অনুযায়ী সরকারি তহবিলে ক্রয়ের আওতায় ক্রয়তব্য **সফটওয়্যার এবং তথ্যপ্রযুক্তি সেবা** ক্ষেত্রানুযায়ী 'পণ্য' বা 'বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা' হিসেবে নির্ধারিত হয়ে থাকে এবং তদানুযায়ী ক্রয় পদ্ধতি অনুসরণ এবং আদর্শ দরপত্র/প্রস্তাব দলিল ব্যবহার করা হয়।

০৩। পিপিএ, ২০০৬ ও পিপিআর, ২০০৮ অনুসারে "পণ্য" এর সংজ্ঞা নিম্নরূপঃ

"পণ্য" অর্থ কাঁচামাল, উৎপাদিত পণ্যদ্রব্য ও যন্ত্রপাতি এবং কঠিন, তরল বা বায়বীয় আকারে পণ্যদ্রব্য, বিদ্যুৎ, প্রস্তুতকৃত কম্পিউটার সফটওয়্যার (off-the-shelf) ও অন্যান্য তথ্য প্রযুক্তিজাত অথবা সমজাতীয় সফটওয়্যার এবং পণ্য সংশ্লিষ্ট সেবা, যদি উহার মূল্য পণ্যের মূল্য অপেক্ষা অধিক না হয়;[ধারা ২(১৬) এবং বিধি ২(৩০)]

উপর্যুক্ত সংজ্ঞা অনুসারে, ইতোমধ্যে প্রস্তুতকৃত সফটওয়্যার (off-the-shelf) বা অন্যান্য তথ্য প্রযুক্তিজাত বা সম-জাতীয় সফটওয়্যার ক্রয় বিধি-২(৩০) অনুযায়ী 'পণ্য' হিসেবে বিবেচিত হবে, যদি প্রস্তুতকৃত সফটওয়্যারের মূল্য সফটওয়্যার সংস্থাপনের মূল্য অপেক্ষা অধিক হয় এবং তদানুযায়ী বিধি-৬১ অথবা ৬২-তে বর্ণিত উপযুক্ত ক্রয় পদ্ধতি (প্রযোজ্যতা অনুযায়ী) অনুসরণ করতে হবে।

**উদাহরণঃ** বাজারে ইতোমধ্যে প্রস্তুতকৃত সফটওয়্যার ক্রয়ের জন্য ২.০০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ের মধ্যে প্রস্তুতকৃত সফটওয়্যার সংশ্লিষ্ট অংশের প্রাক্কলন ১.৮০ কোটি টাকা এবং সংস্থাপন ব্যয় (installation) ০.২০ কোটি টাকা হলে বিধি-২(৩০) এর সঙ্গা অনুযায়ী ক্রয়তব্য বস্তুটি 'পণ্য ও সংশ্লিষ্ট সেবা' হিসেবে বিবেচিত হবে এবং তদানুযায়ী ক্রয় পদ্ধতি (বিধি-৬১ তে বর্ণিত উন্মুক্ত দরপত্র পদ্ধতি অথবা প্রযোজ্য ক্ষেত্রে বিধি ৬২ তে বর্ণিত অন্য কোন উপযুক্ত ক্রয় পদ্ধতি) অনুসরণ করতে হবে।

০৪। আবার পিপিএ, ২০০৬ ও পিপিআর, ২০০৮ অনুসারে "বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা" এর সংজ্ঞা নিম্নরূপঃ

"বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা" অর্থ বুদ্ধিবৃত্তিক অথবা পেশাগত বিষয়ে চুক্তিতে বর্ণিত মতে পরামর্শক কর্তৃক পরামর্শ প্রদান, বা কোন কম্পিউটার সফটওয়্যার ও অন্যান্য তথ্য প্রযুক্তিজাত অথবা সমজাতীয় সফটওয়্যার প্রস্তুতকরণ, বা ডিজাইন প্রণয়ন, বা কাজের তত্ত্বাবধান বা ব্যবহারিক জ্ঞান হস্তান্তর বিষয়ক সেবা, এবং সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা নির্দিষ্টকৃত কোন বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা; [ধারা ২(২৪) এবং বিধি ২(৪২)]

উপর্যুক্ত সংজ্ঞা অনুসারে, কোন কম্পিউটার সফটওয়্যার বা অন্যান্য তথ্য প্রযুক্তিজাত সম-জাতীয় সফটওয়্যার ক্রয়কারীর প্রয়োজনীয়তা অনুসারে প্রস্তুত করা হলে বিধি-২(৪২) অনুযায়ী 'বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা' হিসেবে বিবেচিত হবে এবং তদানুযায়ী বিধি-১০৩-এ বর্ণিত ক্রয় পদ্ধতি [গুনগত মান ও ব্যয়ভিত্তিক নির্বাচন পদ্ধতি বা নির্দিষ্ট বাজেটভিত্তিক নির্বাচন পদ্ধতি (কিউসিবিএস/এফবিএস)] অথবা বিধি-১০৪-এ বর্ণিত উপযুক্ত অন্য কোন ক্রয় পদ্ধতি অনুসরণ করে ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।

**উদাহরণঃ** কোন দপ্তরের সিস্টেম অটোমেশন বা এ জাতীয় কোন ক্রয়ের ক্ষেত্রে প্রণীত প্রাক্কলিত ব্যয় ৫.০০ কোটি টাকার মধ্যে সফটওয়্যার প্রস্তুতসহ পরামর্শক ব্যয়ের প্রাক্কলন ৪.০০ কোটি টাকা এবং হার্ডওয়্যার এর প্রাক্কলন ১.০০ কোটি টাকা হলে বিধি-২(৪২) এর

সজ্ঞা অনুযায়ী বর্ণিত ক্রয়টি 'বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা' ক্রয় হিসেবে বিবেচিত হবে এবং তদানুযায়ী ক্রয় পদ্ধতি (বিধি-১০৩-এ বর্ণিত গুণগত মান ও ব্যয়ভিত্তিক নির্বাচন পদ্ধতি বা নির্দিষ্ট বাজেটভিত্তিক নির্বাচন পদ্ধতি অথবা প্রযোজ্য ক্ষেত্রে বিধি-১০৪-এ বর্ণিত অন্য কোন উপযুক্ত ক্রয় পদ্ধতি) অনুসরণ করতে হবে। এ ক্ষেত্রে বর্ণিত ক্রয় কাজকে পণ্য ক্রয়ের জন্য প্রযোজ্য উন্মুক্ত দরপত্র পদ্ধতি (বিধি-৬১) বা অন্য কোন ক্রয় পদ্ধতিতে (বিধি-৬২) প্রক্রিয়া করা বিধিসম্মত হবে না।

১৮.৮.২০২০
(মোঃ শোহেলের রহমান চৌধুরী)
মহাপরিচালক (যুগ্ম-সচিব)

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

২. সিনিয়র সচিব/ সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩. সদস্য, পরিকল্পনা কমিশন..........।

৪. চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/মহাপরিচালক/সংস্থা প্রধান (সকল টার্গেট এজেন্সী) ..........।

৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।

৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।

৭. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।

৮. অফিস কপি।